

..... ৭ .....



স্বাক্ষর  
বর্ষা  
১৯৬৬

মুঠে ০৫ (পাঁচ) কাঠা ০৯ (নয়) ছটাক ১৭ (সতের) বর্গফুট জমি মায় তদুপরিস্থিত নীচতলে ৫১৩ (পাঁচশত তের) বর্গফুট পাকা ছাদযুক্ত বসবাসের গৃহাদী এবং দ্বীতলে ৩৫৮ (তিনশত আটান্ন) বর্গফুট পাকা ছাদ যুক্ত বসবাসের গৃহাদী ও ১২৩ (একশত তেইশ) বর্গফুট টিনের ছাউনি যুক্ত গৃহাদী মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদী সহ তোমাকে অত্র দানপত্র দলিল দ্বারা দান করিয়া দিতে চাহিলে, তুমি আমার উক্ত দান সানন্দে গ্রহন করিতে সম্মত হওয়ায় আমি অত্র দানপত্র দলিল দ্বারা দান করিয়া স্বীকার ও অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে,

দানকৃত সম্পত্তিতে আমার এয়ারংকাল যাহা কিছু স্বত্ব-স্বামীত্ব, লভ্য-অধিকার, হক-হকিয়াৎ আদি ছিল বা আছে বা জন্মিয়াছে, তাহা অদ্যকার তারিখ হইতে রদ ও রহিত ও বিলুপ্ত হইয়া সম্পূর্ণ রূপে তোমার অনুকূলে বর্ত্তিল।

তুমি অত্র দানপত্র দলিল মূলে প্রাপ্ত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ব-স্বত্ববান, হকে-হকদার ও দখলে-দখলিকার থাকিয়া পশ্চিমবঙ্গ সরকার বাহাদুরের সেরেস্ভায় ও স্থানীয় পৌরসভায় আমার নিজ নাম খারিজের তোমার নিজ নাম পত্তন করতঃ ধার্যকৃত করাদি ও ট্যাক্সাদি প্রদানে দাখিলা ও রসিদাদি গ্রহনে দান, বিক্রয়, লীজ, বন্ধকাদি ও সর্বপ্রকার হস্তান্তরাদির উত্তম

৯৫